



বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসার ঢাকা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.ecs.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নথি নং-১৭.০২.২৬০০.০০০.৩৭.১২৪.২৪. - ৩৪২

তারিখঃ ১১ মাঘ ১৪৩০
২৫ জানুয়ারি ২০২৪

বিষয়ঃ সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ এবং নির্বাচনি এলাকার বিভিন্ন স্থানে লাগানো পোস্টার, লিফলেট, ব্যানার, বিলবোর্ড ইত্যাদি অপসারণ প্রসংগে।


সূত্রঃ নিকস-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.২৪-১৩২, তারিখঃ ২৫ জানুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ অনুসারে কোন প্রার্থী বা রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাদের পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান প্রতীক বরাদ্দের পূর্বে কোন প্রকার নির্বাচনি প্রচার প্রচারণা শুরু করতে পারবেন না। ঢাকা জেলার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১১ নং ওয়ার্ডে কাউন্সিলরের শূন্য পদে উপ-নির্বাচনের সময়সূচি ২৩ জানুয়ারি ২০২৪ তারিখে ঘোষণা করা হয়েছে। নির্বাচনি এলাকার বিভিন্ন স্থানে নির্বাচনি প্রচারণামূলক বা শুভেচ্ছা সংক্রান্ত বিভিন্ন পোস্টার, লিফলেট, স্টিকার, ফেস্টুন, ব্যানার, বিলবোর্ড ইত্যাদি লাগানো বা টাংগানো এবং দেয়াল লিখন থাকলে তা অপসারণ করা প্রয়োজন।

০২। এ প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ১১ নং ওয়ার্ডের সকল এলাকায় সিটি কর্পোরেশন নির্বাচন সংক্রান্ত যে সকল পোস্টার, লিফলেট, স্টিকার, ফেস্টুন, ব্যানার, বিলবোর্ড ইত্যাদি লাগানো বা টাংগানো এবং দেয়াল লিখন রয়েছে তা অনতিবিলম্বে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর কপি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন



(মোহাঃ জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা
ও
রিটার্নিং অফিসার

নথি নং-১৭.০২.২৬০০.০০০.৩৭.১২৪.২৪. - ৩৪২

তারিখঃ ১১ মাঘ ১৪৩০
২৫ জানুয়ারি ২০২৪

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ও আপিল কর্তৃপক্ষ।
৪. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।]
৭. জেলা প্রশাসক, ঢাকা।
৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১০. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল....., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
১১. কমান্ডার, র্যাব....., ঢাকা।
১২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ডিডিপি, ঢাকা।
১৩. জেলা তথ্য অফিসার, ঢাকা (নির্বাচনি এলাকার জনসাধারণের জ্ঞাতার্থে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৪. থানা নির্বাচন অফিসার, মতিঝিল, ঢাকা এবং সহকারী রিটার্নিং অফিসার।
১৫. অফিসার ইন চার্জ, মতিঝিল থানা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১৬. সচিব, ১১ নম্বর সাধারণ ওয়ার্ড, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
১৭. নোটিশ বোর্ড।


সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা

ও
রিটার্নিং অফিসার

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের
১১ নম্বর সাধারণ ওয়ার্ড কাউন্সিলর পদে উপনির্বাচন-২০২৪